গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

(অতীব জরুরি)

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.২১. ২৬৭৭ তারিখ: ০৭/১২/২০২১

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উদযাপন উপলক্ষ্যে ১৬-১৭ ডিসেম্বর ২০২১ দুই দিনব্যাপী অনুষ্ঠানমালা সরাসরি সম্প্রচার।**

সূত্র : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ঢাকা এর ০৫/১২/২০২১ তারিখের পত্র নম্বর- জ:শ:উ:/জা:বা:ক:/বিবিধ-১/২০২১/১১৬৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ১৬ এবং ১৭ ডিসেম্বর ২০২১ বিকাল ৪:৩০ মিনিটে "মহাবিজয়ের মহানায়ক" প্রতিপাদ্যে দুই দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ১৬ই ডিসেম্বর বিকেল সাড়ে চারটায় আগামীর সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীকে নিয়ে শপথ পাঠ করবেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে ভারতের মহামান্য রাষ্ট্রপতি শ্রী রাম নাথ কোবিন্দ এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ। ১৭ ডিসেম্বর বিকেল সাড়ে পাঁচটায় এ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানদুটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফ.এম. ১০৬.০ মেগাহার্জ, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রীলে হবে। তবে সংশ্লিষ্ট এফ.এম. ব্যান্ডে এনএইচকে, বিবিসি-র অনুষ্ঠান যথারীতি প্রচার হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফ.এম. ব্যান্ডে (যদি থাকে) বর্ণিত অনুষ্ঠানসমূহ রীলে হবে। এছাড়া বাংলাদেশ বেতার, কক্সবাজার কেন্দ্রের মধ্যম তরঙ্গ ট্রান্সমিটারটি সচল না থাকায় কক্সবাজার কেন্দ্রের এফ.এম ১০০.৮ মেগাহার্জে উক্ত অনুষ্ঠান প্রচার হবে এবং উক্ত অনুষ্ঠান প্রচারকালীন বিবিসি-র অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

২। অনুষ্ঠানসমূহের সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা; সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'(জনাব, নাসরীন জাহান লিপি, প্রধান মিডিয়া কর্মকর্তা, ফোন-০১৫৫২৪১৪২২১)- এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠানসমূহ যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য অনুষ্ঠানসমূহের সময়সূচি পরিবর্তন/ বাতিল এর বিষয়ে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম. ৯২ মেগাহার্জে, ঢাকা-খ এর অনুষ্ঠান সমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে। ঢাকা- গ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।

৭। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে প্রচার হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবেন।

৯। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ/ তাঁর প্রতিনিধিগণ সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন।

১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী/ উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে/অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকবেন।

১২। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৩। আঞ্চলিক পরিচালক, বেতার বাংলা বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

১৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। বাংলাদেশ বেতারের সৌজন্যে অনুষ্ঠানটি রিলের জন্য সকল বেসরকারি এফ.এম বেতার ও কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো।

১৬। পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ তার অধিভুক্ত অঞ্চলে অবস্থিত কমিউনিটি রেডিও সমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে অনুষ্ঠানটি প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।


(মো: ছালাহ উদ্দিন)
উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন-০২-৪৪৮১৩১৭৩
ই-মেইল: salahuddin.9bcs@gmail.com


**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

১। প্রধান প্রকৌশলী/ উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,ধামরাই, ঢাকা।

৩। সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/ বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৪। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

৫। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ ও বেতার বাংলা, ঢাকা।

৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা ।

৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/ রাঙামাটি/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।

৮। উপ-পরিচালক বাংলাদেশ বেতার, সদর দপ্তর (আদেশটি সকল কমিউনিটি ও বেসরকারি বাণিজ্যিক বেতারে প্রেরনের অনুরোধসহ)

অনুলিপি: কার্যার্থে (বাংলাদেশ বেতারের সৌজন্যে উল্লিখিত অনুষ্ঠান সম্পূর্ণ স্থিতিতে রিলের জন্য সকল বেসরকারি এফ.এম বেতার ও কমিউনিটি রেডিও প্রধানকে অনুরোধ করা হলো।)-

১. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও টুডে, আওয়ালসেন্টার (১৩ ও ১৯ তলা) ৩৪, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও আমার, ওয়াটার ফ্রন্ট (১ম তলা), বাড়ী নং-২৮, রোড নং-১৩০, গুলশান-১, ঢাকা-১২১২।
৩. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ফূর্তি, অটোগ্রাফ (৯ম তলা), ৬৭-৬৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।
৪. ব্যবস্থাপনা পরিচালক, এবিসি রেডিও, ঢাকা ট্রেড সেন্টার (৩য় তলা), ৯৯, কাজী নজরুল ইসলামএভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৫. চেয়ারপার্সন, ঢাকা এফ.এম লিমিটেড, ৪৫, নাভানা টাওয়ার (১৫ তলা), গুলশান দক্ষিণ, সার্কেল-১, ঢাকা-১২১২।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পিপলস্ রেডিও লিমিটেড, সাধারণ বীমা টাওয়ার (৮ম তলা), ৩৭/এ, দিলকুশা, ঢাকা-১০০০।
৭. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ভূমি, ৪০, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও স্বাধীন, এশিয়াটিক সেন্টার, বাড়ি-৬৩, রোড-৭/বি, ব্লক-এইচ, বনানী, ঢাকা-১২১৩।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সিটি এফ এম, ৪৭/৩/২, ইন্দিরা রোড, (পশ্চিম রাজাবাজার), তেজতুরী বাজার চক, তেজগাঁও, ঢাকা-১২১৫।
১০. চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক, এশিয়ান রেডিও লিঃ, দিলকুশা সেন্টার, ৫ম তলা, স্যুট- ৪০৪, ২৮, দিলকুশা বা/এ, ঢাকা।
১১. চেয়ারম্যান, কালার্স এফ এম, ৬৭/৪, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০।
১২. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ৭১, রিয়াজ মটরস, ৬৩, কাকরাইল, ঢাকা-১০০০।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ধ্বনি লিমিটেড, বাড়ী-১৫, রোড-৪৩, গুলশান-২, ঢাকা-১২১২।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, একেসি প্রাইভেট লিমিটেড (জাগো এফ.এম), প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫, প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, এনরিচ নেট প্রাঃ লিঃ রেডিও নেক্সট, নিটোল সেন্টার, ৭১ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, রেডিও ঢোল, বাড়ি ৪৩, রোড- ৩৫এ, গুলশান-২, ঢাকা-১২১২।
১৭. ব্যবস্থাপনা পরিচালক, রেডিও দিন রাত, স্কয়ার সেন্টার, ৪৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
১৮. ব্যবস্থাপনা পরিচালক,ইস্টওয়েস্ট মিডিয়া গ্রুপ লিঃ (রেডিও ক্যাপিটাল), প্লট-৩৭১/এ, ব্লক ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯।
১৯. স্বত্বাধীকারী, বাংলা রেডিও, স্বদেশ টাওয়ার (১৬ তলা), ৪১/৬, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
২০. ম্যানেজিং পার্টনার, ইনোভিশন (রেডিও এইজ), স্কাইলাক ম্যাক (৭ম তলা), বাড়ি-৮৪, ব্লক-ডি, রোড-১১, বনানী, ঢাকা-১২১৩।
২১. ব্যবস্থাপনা পরিচালক, স্পাইস এফ.এম, এমজি টাওয়ার (১৪ তলা), ৩৮৯/৮, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯।
২২. প্রধান নির্বাহী কর্মকর্তা, রেডিও আম্বার, ৪৫, নাভানা টাওয়ার (১৩ তলা), গুলশান দক্ষিণ, সার্কেল-১, ঢাকা-১২১২।
২৩. জনাব এ.এইচ.এম বজলুর রহমান, সিইও, বিএনএনআরসি, ১৩/১, রোড-২, শ্যামলী, ঢাকা(কমিউনিটি রেডিও সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
২৪. ষ্টেশন ইনচার্জ, দেশ রেডিও রাতুল মিডিয়া এন্ড কমিউনিকেশন লিঃ ১৫/৮ তাজমহল রোড, ব্লক-সি, ঢাকা-১২০৭
২৫. স্টেশন ম্যানেজার, রেডিও নলতা, গ্রাম: নলতা, উপজেলা: কালীগঞ্জ, জেলা: সাতক্ষীরা।
২৬. স্টেশন ম্যানেজার, রেডিও নাফ, নূরমহল, পুরাতন পল্লান পাড়া, টেকনাফ, কক্সবাজার।
২৭. স্টেশন ম্যানেজার, রেডিও বড়াল, নির্বাহী পরিচালক , বাবুল সুপার মার্কেট (২য় তলা) জয় বাংলার মোড়, অরণী, বাঘা, রাজশাহী।
২৮. স্টেশন ম্যানেজার, রেডিও চিলমারী, আরডিআরএস চিলমারী ক্যাম্পাস, চিলমারী, কুড়িগ্রাম।
২৯. স্টেশন ম্যানেজার, রেডিও সুন্দরবন, আমাদী বাজার, কয়রা, খুলনা।
৩০. স্টেশন ম্যানেজার, রেডিও ঝিনুক, সৃজনী বাংলাদেশ, সৃজনী ভবন, ১১১, পবহাটী সড়ক, পবহাটি, ঝিনাইদহ-৭৩০০।
৩১. স্টেশন ম্যানেজার, রেডিও সাগরগিরী, মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র,সীতাকুন্ড ক্যাম্পাস,সীতাকুন্ড, চট্টগ্রাম-৪৩১০।
৩২. স্টেশন ম্যানেজার, বরেন্দ্র রেডিও, নওগাঁ হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট এসোসিয়েশন, উকিলপাড়া, নওগাঁ সদর, নওগাঁ।
৩৩. স্টেশন ম্যানেজার, রেডিও মুক্তি, ৩০৫/১, জেরিন টাওয়ার (২য় তলা), রহমান নগর (সি এন্ড বি মোড়), শেরপুর রোড, বগুড়া।
৩৪. স্টেশন ম্যানেজার, লোকবেতার, সদর রোড, পশ্চিম বরগুনা, বরগুনা।
৩৫. স্টেশন ম্যানেজার, রেডিও পল্লীকন্ঠ, মাতার কাপন, মৌলভী বাজার সদর, মৌলভীবাজার।
৩৬. স্টেশন ম্যানেজার, রেডিও মহানন্দা, প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০।
৩৭. স্টেশন ম্যানেজার, রেডিও বিক্রমপুর, শান্তি কুঠির, বাড়ি নম্বর-২৯০, ওয়ার্ড-০৪, শাহাজাহানপুর বাজার বাড়ি, দেওভোগ, মুন্সিগঞ্জ।
৩৮. স্টেশন ম্যানেজার, রেডিও পদ্মা, সিসিডি বাংলাদেশ, হোল্ডিং-৪১৮/এ, ওয়ার্ড-২৫, মোনাফের মোড়, রানীনগর, রাজশাহী-৬২০৪।
৩৯. স্টেশন ম্যানেজার, কৃষি রেডিও, আমতলী উপজেলা কমপ্লেক্স, আমতলী, বরগুনা।
৪০. স্টেশন ম্যানেজার, রেডিও সাগরদ্বীপ, হাতিয়া, নোয়াখালী।
৪১. স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা, কুলছুমবাগ, চরফ্যাশন, ভোলা।
৪২. স্টেশন ম্যানেজার, রেডিও সারাবেলা, রাধাকৃষ্ণপুর, কলেজ রোড, গাইবান্ধা।

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৪.২১. [redacted] ১৬৭৭ তারিখ: ০৭/১২/২০২১

**অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

১। মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
২। মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ঢাকা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৫। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৬। অতিরিক্ত সচিবের (সম্প্রচার) একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৭। মহাপরিচালকের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৮। অতিরিক্ত মহাপরিচালক অনুষ্ঠান/ বার্তা, এর একান্ত সহকারি, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৯। উপ-মহাপরিচালক অনুষ্ঠান ১ ও ২ এর একান্ত সহকারি বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
১০। নথি।


(সায়েদ মোস্তফা কামাল)
পরিচালক, (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮১৩০৭৪
dp.program.betar@gmail.com